



দিনাজপুর পৌরসভা কার্যালয় দিনাজপুর।

স্মারক নম্বর-দিনাজ/পৌর/২০২৫/১০৭৫

তারিখ : ২৩/চৈত্র ১৪৩১
০৬/এপ্রিল ২০২৫

পৌরসভাধীন রেল বাজার হাট (তোহাবাজার)/ট্রাক টার্মিনাল/বাহাদুর বাজার শৌচাগার/রামনগর বাজার শৌচাগার/গোবরাপড়া খোয়াড়/বালুবাড়ী কসাইখানা এর ১৪৩২ বঙ্গাব্দ ইজারা পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি।

পুনঃ ইজারা বিজ্ঞপ্তি নং-০২/২০২৫

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর পৌরসভাধীন রেল বাজার হাট (তোহাবাজার)/ট্রাক টার্মিনাল/বাহাদুর বাজার শৌচাগার/রামনগর বাজার শৌচাগার/গোবরাপড়া খোয়াড়/বালুবাড়ী কসাইখানা এর ১৪৩২ বঙ্গাব্দ ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহর যুক্ত খামে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

দরপত্রের আবেদন ফরম (সিডিউল) নিম্নোক্ত নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্যাশিয়ার, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর; জেলা প্রশাসক, দিনাজপুর এর কার্যালয় (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর ও সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, দিনাজপুর হতে নিম্নে বর্ণিত সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন পর্যন্ত ক্রয় করা যাবে। আবেদন ফরম সমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুরে (স্থানীয় সরকার শাখা) রক্ষিত দরপত্র বাস্তবে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিনে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বেলা-৩.০০ ঘটিকায় আবেদন ফরম/দরপত্র সমূহ উপস্থিত দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

নির্ধারিত সময়সূচী মোতাবেক ১ম বার ইজারা প্রদান সম্ভব না হলে ২য়বার এর সময়সূচী অনুযায়ী ইজারা প্রদান কার্যক্রম গ্রহণ করা হবে। ২য় বারও ইজারা প্রদান সম্ভব না হলে ৩য় বারের সময়সূচী অনুযায়ী ইজারা প্রদান কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, যে সকল মহালের দাখিলকৃত দর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হবে সেগুলো বাদে অবশিষ্ট মহালের ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে। এ জন্য পুনরায় বিজ্ঞপ্তি প্রদান করা হবে না। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে পৌরসভার বাজার শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা হলো।


ইজারার সময়সূচী নিম্নরূপ

পর্যায় নম্বর	দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম বার	২৩/০৪/২০২৫ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৪/০৪/২০২৫ খ্রি: তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত	২৪/০৪/২০২৫ খ্রি: তারিখ বেলা ৩.০০ টা।
২য় বার	১২/০৫/২০২৫ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৩/০৫/২০২৫ খ্রি: তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত	১৩/০৫/২০২৫ খ্রি: তারিখ বেলা ৩.০০ টা।
৩য় বার	২৮/০৫/২০২৫ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৯/০৫/২০২৫ খ্রি: তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত	২৯/০৫/২০২৫ খ্রি: তারিখ বেলা ৩.০০ টা।

ইজারায়োগ্য রেল বাজার হাট (তোহাবাজার)/ট্রাক টার্মিনাল/বাহাদুর বাজার শৌচাগার/রামনগর বাজার শৌচাগার/গোবরাপড়া খোয়াড়/বালুবাড়ী কসাইখানা এর ১৪৩২ এর বিবরণঃ

ক্রমিক নং	ইজারা মহালের বিবরণ	সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য)	সরকারী মূল্য
১.	রেলবাজার হাট (তোহা বাজার), দিনাজপুর	৭,৬০০/-	৩৪,৪৯,৪১৬/-
২.	ট্রাক টার্মিনাল, দিনাজপুর	২,৪০০/-	৮,৩৫,৬৩৩/-
৩.	বাহাদুর বাজার শৌচাগার, দিনাজপুর	১,৮০০/-	৫,১০,৭৯৮/-
৪.	রামনগর বাজার শৌচাগার, দিনাজপুর	৫০০/-	৮,৩১৩/-
৫.	গোবরাপড়া খোয়াড়, দিনাজপুর	৫০০/-	৮,০৫০/-
৬.	বালুবাড়ী কসাইখানা, দিনাজপুর	১,৪০০/-	৩,৮৩,৫০০/-

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


মোঃ রি়াজ উদ্দিন
প্রশাসক
দিনাজপুর পৌরসভা
দিনাজপুর